সংবাদ

তারিখ 13 DEC 2016
পৃষ্ঠা ২ কলাম ৬

# কারিগরি শিক্ষার আধুনিকায়নে চুক্তি স্বাক্ষর

নিজস্ব বার্তা পরিবেশক

বাংলাদেশের 'টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড ট্রেইনিং (টিভিইটি)' ব্যবস্থা আধুনিকায়নের লক্ষ্যে গতকাল ঢাকায় একটি হোটেলে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) ও আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও)-এর সঙ্গে বাংলাদেশ সরকারের একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ প্রধান অতিথি ছিলেন।

'ঝশরষষং ২১- ঊসঢ়ড়বিৎরহম ঈরঃরুবহং ভড়ৎ ওহপষঁংরাব ধহফ ঝঁংঃধরহধনষব মৎড়ঃিয়' নামক এ প্রকল্পটি বাস্তবায়নে ২০ মিলিয়ন ইউরো ব্যয় হবে। এর মধ্যে ইইউ দিবে ১৯ দশমিক ৫ মিলিয়ন ইউরো। প্রকল্পটি জানুয়ারি ২০১৭ থেকে ডিসেম্বর ২০২০ মেয়াদে বাস্তবায়িত হবে। এ প্রকল্পের আওতায় ৭৫ হাজার ৫০০ জন সরাসরি প্রশিক্ষণ লাভ করবে।

অনুষ্ঠানে বাংলাদেশের পক্ষে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের দায়িত্বপ্রাপ্ত সচিব সোহরাব হোসাইন, ইইউ-এর পক্ষে রাষ্ট্রদূত পিয়েরে ম্যায়াদু এবং আইএলও-এর পক্ষে ডিরেক্টর জেনারেল গাই রাইডার চুক্তিতে স্বাক্ষর করেন। এ সময় শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মুজিবুল হক এবং আইএলও'র ডেপুটি ডিরেক্টর গগন রাজভান্ডারী বক্তৃতা করেন।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী বলেন, এ প্রকল্প সরকারের অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন এবং সকলের জন্য উৎপাদনমূলক চাকরির সংস্থানের প্রতিশ্রুতি বাস্তবায়নে সহায়তা করবে।